দৈনিক ইত্তেফাক

১৫৭

তারিখ ... ... MAR. 10 2000
পৃষ্ঠা ... কলাম ...

# সহস্রাধিক পরীক্ষার্থী ও পাঁচ শিক্ষক বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) এসএসসি পদার্থবিদ্যা, ইতিহাস ও ব্যবসায় পরিচিতি পরীক্ষা চলাকালেও সারাদেশে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সহস্রাধিক পরীক্ষার্থী এবং

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## সহস্রাধিক পরীক্ষার্থী

(প্রথম পৃঃ পর)

৫ জন শিক্ষক বহিষ্কৃত হইয়াছেন। রাজশাহী বোর্ডে বহিষ্কারের সংখ্যা বেশী। এই বোর্ডে ৬ শতাধিক পরীক্ষার্থী এবং ৫ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। ঢাকা বোর্ডে ১৭৭, যশোর বোর্ডে ১৫৩ এবং কুমিল্লা বোর্ডে ২৫১ জন বহিষ্কৃত হইয়াছে। দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে প্রকাশ্যে গণটোকাটুকি চলিয়াছে। কোথাও কোথাও শিক্ষক ও আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী নীরব দর্শকের ভূমিকা পালন করিয়াছে। আগামীকাল সারাদেশে অংক পরীক্ষা হইবে। এই পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হইয়াছে।

**রাইফেল ছিনতাইয়ের চেষ্টা ॥ ১০ রাউন্ড গুলী ॥ গ্রেফতার ৬**

লক্ষ্মীপুর সংবাদদাতা জানান, বসিকপুর ফাজিল মাদ্রাসা কেন্দ্রে নকল সরবরাহকারীদের ছত্রভঙ্গ করার জন্য পুলিশ ১০ রাউন্ড গুলীবর্ষণ করে। তাহারা পুলিশকে মারধর এবং রাইফেল কাড়িয়া নেওয়ার চেষ্টা করে। এ ঘটনায় ২ জনকে গ্রেফতার করিয়া জননিরাপত্তা আইনে মামলাটি দায়ের করা হয়। একজন পুলিশ আহত হইয়াছে। নকল সরবরাহের অভিযোগে একজন মাদ্রাসা শিক্ষককে গ্রেফতার করা হয়। এদিকে সদর থানার দত্তপাড়া উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রামেন্দ্র মজুমদারকে হলে নকল সরবরাহ করার অভিযোগে গ্রেফতার করা হইয়াছে। একই অভিযোগে আরও ১ জন শিক্ষককে গ্রেফতার করা হয়। রামগঞ্জ রব্বানিয়া মাদ্রাসা কেন্দ্রে একই অভিযোগে একজন শিক্ষককে গ্রেফতার করা হয়। এই নিয়া জেলায় ৩টি কেন্দ্রে বৃহস্পতিবার ৪ জন শিক্ষকসহ ৬জনকে গ্রেফতার করা হইল।

**প্রবেশপত্র ভুয়া ॥ মাদ্রাসার অধ্যক্ষ গ্রেফতার**

গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা জানান, মধুপুর মাদ্রাসা কেন্দ্রে ১৩ জন পরীক্ষার্থীকে ভুয়া প্রবেশপত্র দিয়া পরীক্ষা দেওয়ানোর অভিযোগে মধুপুর থানা পুলিশ মধুপুর ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ এবং ঐ কেন্দ্র সচিব মাওলানা হাফিজুর রহমানকে গ্রেফতার করিয়াছে। বৃহস্পতিবার কোর্টে চালান দিলে তাহার জামিন না-মঞ্জুর হয়। ঐ অধ্যক্ষ পরীক্ষার্থীদের নিকট হইতে বিপুল অঙ্কের টাকা নিয়া ফরম পূরণের নামে প্রতারণা করে।